

ইংরেজি নতুন বছর উৎযাপন ২০২৫

নতুন বছর ২০২৫-এর প্রথম দিনটিতে পিএফডিএ-ভোকেশনাল ট্রেনিং সেন্টার (ভিটিসি) ইংরেজি নববর্ষ ও বাংলার ঐতিহ্যবাহী পিঠা উৎসব উদযাপন করেছে।

এই আয়োজনের মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের মধ্যে বাংলার সাংস্কৃতিক চেতনা জাগ্রত করা এবং তাদের মুক্তমনা সৃজনশীলতা বিকাশে সহায়তা প্রদান।

উৎসবটি প্রতিষ্ঠানটির ছাদে অনুষ্ঠিত হয়, যেখানে সকাল থেকে শীতের হিমেল বাতাস ও উষ্ণ রোদে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মীরা একত্রিত হয়ে আনন্দ ভাগাভাগি করেন। অনুষ্ঠানে পরিবেশিত হয় বাঙালির ঐতিহ্যবাহী বিভিন্ন ধরনের পিঠা, যেমন—চিতই পিঠা, ভাপা পিঠা, পান্তোয়া এবং বিভিন্ন ধরনের ভর্তা।

ছাদের এক পাশে মাটির চুলায় পিঠা বানানোর আয়োজন ছিল উৎসবের অন্যতম আকর্ষণ। এই আয়োজন শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি করে; তারা নিজ চোখে পিঠা তৈরির পদ্ধতি দেখার পাশাপাশি সরাসরি অংশগ্রহণের সুযোগ পায় এবং গরম গরম পিঠার স্বাদ গ্রহণ করে উৎসবের আনন্দ বৃদ্ধি করে।

পরিবেশের আনন্দঘন মুহূর্তে শিক্ষার্থীরা নাচ ও গানের মাধ্যমে তাদের আনন্দের বহিঃপ্রকাশ ঘটায়। এছাড়া সবাই মিলে ছবি তোলা এবং স্মৃতি সংরক্ষণ করে উৎসবকে স্মরণীয় করে তোলে।

এই আয়োজনের মাধ্যমে পিএফডিএ-ভিটিসি স্পষ্টভাবে সমাজকে একটি গুরুত্বপূর্ণ বার্তা প্রদান করে: উৎসব সবার জন্য, বাঙালি সংস্কৃতির সাথে আমাদের সন্তানদের পরিচয় করানো এবং ঐতিহ্যকে জানানো ও ধরে রাখা আমাদের দায়িত্ব।

সেই প্রেক্ষাপটে প্রতিষ্ঠানটি বিশ্বাস করে, যথাযথ সহায়তা ও উৎসাহ পেলে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীরাও সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে সক্রিয় ভূমিকা রাখতে সক্ষম। প্রতিষ্ঠানটি এই ধরনের আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বৃদ্ধির পাশাপাশি পারস্পরিক সংহতি গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে।

